তারিখ ....06 AUG 2016.
পৃষ্ঠা ...... কলাম ...... ......

সমকাল

শিক্ষক পরিষদের অভিযোগ

# বেসরকারি কলেজের শিক্ষকরা সরকারি সুবিধা বঞ্চিত

■ সমকাল প্রতিবেদক

এমপিওভুক্ত বেসরকারি কলেজে বৈধভাবে নিয়োগপ্রাপ্ত হয়েও বেতনভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে বলে অভিযোগ করেছে বাংলাদেশ বেসরকারি কলেজ অনার্স মাস্টার্স শিক্ষক পরিষদ। গতকাল শুক্রবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলনে সংগঠনের সাধারণ সম্পাদক কাজী কামরুজ্জামান বলেন, জাতীয়করণকৃত কলেজের অনার্স ও মাস্টার্সের শিক্ষকরা আজ পর্যন্ত কোনো সরকারি সুবিধা পাননি। শিক্ষকরা বেতনভাতা না পেলে সুষ্ঠুভাবে পাঠদান চালানো সম্ভব নয়। তাদের বেতনের ব্যবস্থা না করে উচ্চশিক্ষার মানোন্নয়নও অসম্ভব।

তিনি আরও বলেন, বৈধভাবে নিয়োগপ্রাপ্ত এসব শিক্ষককে ১৯৯৩ সাল থেকে আজ পর্যন্ত জনবল কাঠামোয় অন্তর্ভুক্ত না করায় তাদের এমপিওভুক্ত করা হয়নি। ফলে তারা সরকারি সুবিধা থেকে বঞ্চিত হয়ে আসছেন। এটি জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বেসরকারি কলেজ পর্যায়ে উচ্চশিক্ষার মানোন্নয়নে প্রধান অন্তরায়।

সংবাদ সম্মেলন শেষে কেন্দ্রীয় কমিটির বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন সংগঠনের সভাপতি কাজী ফারুক, সহসভাপতি শাহজাহান মোল্লা, মওদুদ আহম্মদ, আতাউর রহমান, আনিসুর রহমানসহ ৫২ জেলা থেকে আসা শিক্ষক নেতৃবৃন্দ।